



প্রযুক্তি প্রতিদিন

projuktiprotidin@gmail.com

জাপান আইটি উইকে দেশের ৩৪ কোম্পানি

এশিয়ার তথ্যপ্রযুক্তি ভিত্তিক অন্যতম শীর্ষ আয়োজন 'জাপান আইটি সপ্তাহ'। টোকিওতে গতকাল থেকে শুরু তিন দিনের এ উৎসবে দেশের ১৯টি প্রতিষ্ঠান সরাসরি পণ্য প্রদর্শন করছে। পর্যবেক্ষক হিসেবে আরও ১০টি কোম্পানি এ আয়োজনে দেশের প্রতিনিধিত্ব করছে। ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার এবং কমনওয়েলথের যৌথ উদ্যোগে পরিচালিত শি-ট্রেডস প্রকল্পের অংশ হিসেবে উৎসবে যোগ দিয়েছে পাঁচ প্রতিষ্ঠান। এ আয়োজনে দেশের তথ্যপ্রযুক্তি খাতকে তুলে ধরতে সরকারের পক্ষ থেকে অংশ নিচ্ছে তথ্যপ্রযুক্তি বিভাগ, বিসিসি, হাইটেক পার্ক এবং এলআইসিটি প্রকল্প। সংগঠন হিসেবে অংশ নিচ্ছে বাক্য। জানা গেছে, সরকারি-বেসরকারি মিলিয়ে ৬২ জনের একটি প্রতিনিধি দল এ উৎসবে যোগ দিয়েছে। এর মধ্যে রয়েছেন হাইটেক পার্ক কর্তৃক্ষের ব্যবস্থাপনা পরিচালক হোসনে আরা বেগম, বিসিসির নির্বাহী পরিচালক পার্থপ্রতিম দেব, বাক্য সাধারণ সম্পাদক তোহিদ হোসেন প্রমুখ। এ আয়োজনে বাংলাদেশের অংশগ্রহণের বিষয়টি সমন্বয় করছে বেসিস। উৎসবে অংশ নেওয়া প্রযুক্তি প্রতিষ্ঠানগুলো হচ্ছে- ডাটাসফট, ই-পার্ক আইটি, লিডসফট, উল্কাসেমি, ইক্সোরা

সল্যুশন, প্রাইডসিস আইটি, ইরা-ইনফোটেক, বিজেআইটি, নেসেনিয়া, ড্রিমার্জ ল্যাব, মিডিয়া৩৬৫, ব্রেইন স্টেশন ২৩, ই-জেনারেশন, বিজেডএম গ্রাফিক্স, ড্রিম৭১ বাংলাদেশ, সুবরা সিস্টেমস, গ্রাহো লিমিটেড, জেনেক্স ইনফোসিস এবং ডাইনামিক সল্যুশনস ইনোভেটোরস। এ ছাড়া পর্যবেক্ষক হিসেবে অংশ নিচ্ছে বেসিস সদস্য প্রতিষ্ঠান পিএম এম্পায়ার, পিক্সেলনেট টেকনোলজিস, এআইজি ডিস্ট্রিবিউশনস অ্যান্ড কনসালট্যান্সি, টিকন সিস্টেমস, ডাটা গ্রিড, ফ্লোরা সিস্টেমস, ফ্রিডম সফট, আই সফটওয়্যার, পল অ্যান্ড পল কনসালট্যান্টস এবং কমলিঙ্ক ইনফোটেক। এ ছাড়া বেসিসের অংশীজন ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার এবং কমনওয়েলথের যৌথ উদ্যোগে পরিচালিত শি-ট্রেডস প্রকল্পের অধীন অংশ নিচ্ছে পাঁচ প্রতিষ্ঠান- ইউআই সিস্টেমস, সিসটেক ডিজিটাল জাপান, অপাস টেকনোলজি এলিগেন্ট টেকনোলজি এবং টিএমএসএস আইসিটি। উল্লেখ্য, এবারের আয়োজনে বিভিন্ন দেশের এক হাজার ১৮০টি প্রতিষ্ঠান এবং ৭০ হাজার তথ্যপ্রযুক্তি পেশাজীবী, বিশেষজ্ঞ ও ব্যবসায়ী অংশ নিচ্ছেন।

■ প্রযুক্তি প্রতিদিন প্রতিবেদক